



গ্রামীণ কৃষি মৌসম সেবা
ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ
বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 02-04-2024

নদীয়া(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-04-02 (পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-04-03	2024-04-04	2024-04-05	2024-04-06	2024-04-07
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	0.0	0.0	0.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	37.0	37.0	38.0	38.0	39.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	24.0	24.0	24.0	25.0	25.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	46	70	78	77	69
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	10	8	10	17	16
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	11	14	15	12	11
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	283	214	214	165	208
মেঘের অবস্থা (ওকটা)	1	1	0	3	4

আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

* আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা নেই। * আগামী কয়েকদিনে পরিষ্কার আকাশ থাকার সম্ভাবনা রয়েছে। * আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 46 % to 78% থাকার সম্ভাবনা রয়েছে। * সর্বোচ্চ তাপমাত্রা 37.0-39.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে। * সর্বনিম্ন তাপমাত্রা 24.0-25.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

সাধারণ পরামর্শাবলী::

আগামী কয়েকদিনের তাপপ্রবাহ কে মোকাবিলা করতে আগাম প্রতিরোধ মূলক ব্যবস্থা নিন।

বার্তামূলক পরামর্শ:

আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা নেই; স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করতে পারেন।

ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পাশকাঠি দশা / পুষ্পমঞ্জুরী বিন্যাস পর্যায় : যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রন , রোগপোকা দমন , সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর (চারার বয়স ৩ সপ্তাহ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি জিঙ্ক সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। চারা রোয়ার পর থেকে ধান কাটার

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।

উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আম	পুষ্পমঞ্জুরী আসার দশা : আমবাগানে ফড়িং জাতীয় পোকাকার পর্যবেক্ষণ করুন এবং পোকা দ্বারা ক্ষতিগ্রস্ত পুষ্পমঞ্জুরি বিনষ্ট করে ফেলুন।